



## সেবা গ্রহণের সাধারণ নীতিমালা

১. এন পি ইউ সেবা গ্রহণ করার জন্য ৪০০ টাকা রেজিষ্ট্রেশন ফি দিয়ে প্রথম সেশনে অংশ নিতে হবে এবং এরপরে প্রতিবারে ৪০০ টাকা সেশন ফি দিতে হবে। কেউ যদি সেশন ফি প্রদানে অপারগ হয় তবে এন পি ইউ অফিসে যোগাযোগ করতে পারেন। এন পি ইউ আপনাকে সর্বোচ্চ সুবিধা দেয়ার ব্যপারে সচেষ্ট থাকবে।
২. এন পি ইউ এর সাইকোথেরাপী সেবা অথবা অন্য কোন কার্যক্রম সম্পর্কে কিছু জানতে হলে এন পি ইউ অফিসে এসে অথবা অফিস মোবাইলে (সকাল ১০ টা থেকে বিকাল ৬ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।
৩. কোন কারণে এন পি ইউ বন্ধ থাকলে নিয়মিত ক্লায়েন্টদের এন পি ইউ অফিস থেকে জানিয়ে দেয়া হবে।
৪. এন পি ইউ এর নিয়মিত ক্লায়েন্ট কোন বাস্তবসম্মত কারণে যদি সেশনে উপস্থিত হতে না পারেন সেক্ষেত্রে সেশনের পূর্বেই (সম্ভব হলে আগের দিন) এন পি ইউ কে জানিয়ে দিবেন
৫. পর পর ২ সেশনে কোন যোগাযোগ ব্যতীত উপস্থিত না থাকলে ধরে নেয়া হবে যে আপনি নিয়মিত সাইকোথেরাপি নেয়ার বিষয়ে অনিচ্ছুক এবং আপনার জন্য নির্দিষ্ট সময়টি আর রাখা হবে না। পরবর্তীতে যদি আবারও আপনি সেবা নিতে চান সেক্ষেত্রে এন পি ইউ অফিসে যোগাযোগ করতে পারেন। (এক্ষেত্রে পূর্বের সাইকোথেরাপিস্টের সাথে বসতে চাইলে তার সময় অনুযায়ী আপনাকে অপেক্ষা করতে হবে। অন্যথায় আপনাকে নতুন কারো সাথে সংযুক্ত করে দেয়া হবে।)
৬. কোন সেশন বাতিল হয়ে গেলে পরবর্তী সেশন দেয়ার ক্ষেত্রে তাৎক্ষনিক সেশন সিডিউল দেয়া সম্ভবপর নাও হতে পারে। তবে আপনাদের অপেক্ষাকালীন সময় ত্বাস করার জন্য এন পি ইউ কর্তৃপক্ষের আন্তরিক চেষ্টা থাকবে।
৭. আমাদের সাইকোথেরাপী সেবা গ্রহণকারীদের গোপনীয়তা রক্ষার বিষয়ে আমরা সর্বোচ্চ সতর্ক থাকি। এরই অংশ হিসেবে আপনি যদি এখানে আপনার পরিচিত কোন ব্যক্তিকে সেবা গ্রহণ করতে দেখে ফেলেন তা অবশ্যই গোপন রাখবেন।